রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১২, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

টি. ও.-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ আষাঢ় ১৪১৪/১২ জুলাই ২০০৭

**এস, আর, ও নং ১৮০-আইন/২০০৭**—কোম্পানী আইন, ১৯৯৪, (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর ধারা ২২৬-এর উপ-ধারা ২(ক)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের তফসিল-২ এর এন্ট্রিসমূহের বিপরীতে উল্লিখিত ফিসসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ নূতন ফিস নির্ধারণ করিল, যথা ঃ—

"তফসিল-২

(ধারা ৩৪৮ এবং ৩৬৩ দ্রষ্টব্য)

রেজিস্ট্রারকে প্রদেয় ফিসের তালিকা।

| | ফিসের পরিমাণ টাকা |
|---|---|
| ১। শেয়ার-মূলধন সম্পন্ন কোম্পানী কর্তৃক প্রদেয় ফিস ঃ | |
| (১) কোম্পানীর নামিক শেয়ার-মূলধন অনধিক বিশ হাজার টাকা হইলে উহা নিবন্ধনের জন্য ফিস— | ৩৬০.০০ |
| (২) কোম্পানীর নামিক শেয়ার-মূলধন বিশ হাজার টাকার অধিক হইলে উহা নিবন্ধনের জন্য উপরি-উক্ত ৩৬০.০০ টাকা ফিস ছাড়াও নামিক মূলধনের পরিমাণ অনুযায়ী নিম্নবর্ণিত হারে অতিরিক্ত ফিস দিতে হইবে ঃ— | |
| (ক) প্রথম বিশ হাজার টাকার উর্ধ্বে পঞ্চাশ হাজার টাকা পর্যন্ত, প্রতি দশ হাজার টাকা বা উহার অংশবিশেষের জন্য ফিস— | ১৮০.০০ |



মূল্য ঃ টাকা ৪.০০

| | | ফিসের পরিমাণ টাকা |
|---|---|---|
| (খ) | প্রথম পঞ্চাশ হাজার টাকার উর্ধ্বে দশ লক্ষ টাকা পর্যন্ত, প্রতি দশ হাজার টাকা বা উহার অংশবিশেষের জন্য ফিস— | ৪৫.০০ |
| (গ) | প্রথম দশ লক্ষ টাকার উর্ধ্বে পঞ্চাশ লক্ষ টাকা পর্যন্ত, প্রতি দশ হাজার টাকা বা উহার অংশবিশেষের জন্য ফিস— | ২৪.০০ |
| (ঘ) | প্রথম পঞ্চাশ লক্ষ টাকার উর্ধ্বে যে কোন পরিমাণ টাকা পর্যন্ত, প্রতি এক লক্ষ টাকা বা উহার অংশবিশেষের জন্য ফিস— | ৪৫.০০ |
| (৩) | কোম্পানীর নিবন্ধনের পর বর্ধিত শেয়ার-মূলধন নিবন্ধনের জন্য একই হারে ফিস প্রদেয় হইবে যেন কোম্পানী নিবন্ধনের সময়েই বর্ধিত শেয়ার-মূলধন মূল শেয়ার মূলধনের অংশ ছিল। | |
| (৪) | নিবন্ধনের ক্ষেত্রে এই আইনে যে সকল কোম্পানীকে ফিস প্রদান করা হইতে অব্যাহতি দেওয়া হইয়াছে সেই সকল কোম্পানী ব্যতীত, যে কোন বিদ্যমান কোম্পানী নিবন্ধনের জন্য সেই পরিমাণ ফিস প্রদেয় হইবে, যাহা একটি নূতন কোম্পানী নিবন্ধনের জন্য প্রদেয় হয়। | |
| (৫) | রিসিভার কর্তৃক রেজিস্ট্রারের নিকট যে সংঘ-স্মারক বা যে সারাংশ কিংবা কোম্পানী অবলুপ্তির ক্ষেত্রে লিকুইডেটর কর্তৃক রেজিস্ট্রারের নিকট প্রয়োজনীয় যে বিবৃতি দাখিল করিতে হয় তাহা ব্যতীত, এই আইনের অধীন প্রয়োজনীয় বা অনুমোদিত যে কোন দলিল দাখিলের জন্য ফিস— | ১০০.০০ |
| (৬) | এই আইনের অধীন প্রয়োজনীয় বা অনুমোদিত কোন কিছু রেজিস্ট্রার কর্তৃক লিপিবদ্ধ করাইবার জন্য ফিস— | ২০০.০০ |
| (৭) | বন্ধক, ডিবেঞ্চার ও চার্জ নিবন্ধনের জন্য ফিস ঃ | |
| (ক) | বন্ধক বা ডিবেঞ্চার কিংবা চার্জের দ্বারা নিশ্চয়তা বিধানকৃত (Secured) অর্থের মোট পরিমাণ অনধিক পাঁচ লক্ষ টাকা হওয়ার ক্ষেত্রে ফিস— | ১৫০.০০ |
| (খ) | প্রথম পাঁচ লক্ষ টাকার উর্ধ্বে পঞ্চাশ লক্ষ টাকা পর্যন্ত, প্রতি পাঁচ লক্ষ টাকা বা উহার অংশবিশেষের জন্য ফিস— | ১২০.০০ |

| | ফিসের পরিমাণ টাকা |
|---|---|
| (গ) প্রথম পঞ্চাশ লক্ষ টাকার উর্ধ্বে যে কোন পরিমাণ টাকা পর্যন্ত, প্রতি পাঁচ লক্ষ টাকা বা উহার অংশবিশেষের জন্য ফিস— | ৬০.০০ |
| (ঘ) বন্ধক ও চার্জের নিবন্ধন বহি পরিদর্শনের ফিস— | ১০০.০০ |
| (ঙ) রিসিভার নিয়োগ নিবন্ধনের ফিস— | ২০০.০০ |

(৮) বন্ধক বা ডিবেঞ্চার কিংবা চার্জ প্রথমবার নিবন্ধনের পর নিশ্চয়তা বিধানকৃত অর্থ বর্ধিত হইলে যে কোন পরিমাণ অর্থ নিবন্ধনের ক্ষেত্রে প্রতি পাঁচ লক্ষ টাকা বা উহার অংশবিশেষের জন্য একই হারে ফিস প্রদেয় হইবে যেন বর্ধিত অর্থ মূল অর্থের অংশ ছিল।

২। শেয়ার-মূলধনবিহীন কোম্পানী এবং ধারা ২৮ এর অধীন প্রদত্ত লাইসেন্সের ভিত্তিতে নিবন্ধিকৃত কোম্পানী কর্তৃক প্রদেয় ফিস ঃ

| | |
|---|---|
| (১) সংঘবিধি অনুসারে কোন কোম্পানীর সদস্য সংখ্যা অনধিক ২০ সদস্য হইলে, উক্ত কোম্পানী নিবন্ধনের ফিস— | ৬০০.০০ |
| (২) সংঘবিধি অনুসারে কোন কোম্পানীর সদস্য সংখ্যা ২০ এর অধিক কিন্তু ১০০-এর অধিক না হইলে, উক্ত কোম্পানী নিবন্ধনের ফিস— | ১৫০০.০০ |
| (৩) সংঘবিধি অনুসারে কোন কোম্পানীর সদস্য সংখ্যা ১০০-এর অধিক কিন্তু অসীমিত বলিয়া উহাতে উল্লিখিত না থাকিলে উক্ত কোম্পানীর নিবন্ধনের জন্য উপরোক্ত ১৫০০.০০ টাকা ফিস এবং তৎসহ প্রথম ১০০ জন সদস্যের পর হইতে প্রতি ১০০ জন কিংবা ১০০-এর কম সংখ্যক সদস্যের জন্য ফিস— | ১৫০.০০ |
| (৪) সংঘবিধিতে কোন কোম্পানীর সদস্য সংখ্যা অসীমিত বলিয়া উল্লেখ থাকিলে উক্ত কোম্পানীর নিবন্ধনের ফিস— | ৪৫০০.০০ |

(৫) কোম্পানী নিবন্ধিকরণের পর উহার সদস্য বর্ধিত হইলে, উক্ত বৃদ্ধি নিবন্ধনের জন্য উপরের ক্রমিক নং (১), (২), (৩) ও (৪)-এ নির্ধারিত হারে ফিস প্রদেয় হইবে, যেন কোম্পানী নিবন্ধনের সময় বর্ধিত সংখ্যা সংঘবিধিতে উল্লেখিত ছিল ঃ

তবে শর্ত থাকে যে, কোন কোম্পানীকে উহার সদস্য সংখ্যার ব্যাপারে কোম্পানী প্রথম নিবন্ধনের সময় প্রদত্ত ফিস হিসাবে ধরিয়া সর্বসাকল্যে ৪৫০০.০০ টাকার অধিক ফিস প্রদান করিতে হইবে না।

| | ফিসের পরিমাণ টাকা |
|---|---|
| (৬) নিবন্ধনের ক্ষেত্রে এই আইনের অধীন যে সকল কোম্পানীকে ফিস প্রদান হইতে অব্যাহতি দেওয়া হইয়াছে সে সকল কোম্পনী ব্যতীত যে কোন বিদ্যমান কোম্পানী নিবন্ধনের জন্য সেই পরিমাণ ফিস প্রদেয় হইবে, যাহা একটি নূতন কোম্পানী নিবন্ধনের জন্য প্রদেয় হয়। | |
| (৭) রিসিভার কর্তৃক রেজিস্ট্রারের নিকট যে সংঘস্মারক বা সারাংশ কিংবা কোম্পানী অবলুপ্তির ক্ষেত্রে লিকুইডেটর কর্তৃক রেজিস্ট্রারের নিকট প্রয়োজনীয় যে বিবৃতি দাখিল করিতে হয় তাহা ব্যতীত, এই আইনের অধীন প্রয়োজনীয় বা অনুমোদিত যে কোন দলিল দাখিলের জন্য ফিস— | |
| (ক) সংঘ-স্মারকের জন্য | ৩০০.০০ |
| (খ) অন্যান্য দলিলের জন্য | ১০০.০০ |
| (৮) এই আইনের অধীন প্রয়োজনীয় বা অনুমোদিত কোন বিষয় রেজিস্ট্রার কর্তৃক লিপিবদ্ধ করাইবার জন্য ফিস— | ২০০.০০ |
| (৯) বন্ধক, ডিবেঞ্চার ও চার্জ নিবন্ধনের জন্য ফিস ঃ | |
| (ক) বন্ধক বা ডিবেঞ্চার বা চার্জের দ্বারা নিশ্চয়তা বিধানকৃত (Secured) অর্থের মোট পরিমাণ অনধিক পাঁচ লক্ষ টাকা হইবার ক্ষেত্রে ফিস— | ২০০.০০ |
| (খ) প্রথম পাঁচ লক্ষ টাকার উর্ধ্বে পঞ্চাশ লক্ষ টাকা পর্যন্ত, প্রতি পাঁচ লক্ষ টাকা বা উহার অংশবিশেষের জন্য ফিস— | ১২০.০০ |
| (গ) প্রথম পঞ্চাশ লক্ষ টাকার উর্ধ্বে যে কোন পরিমাণ টাকা পর্যন্ত, প্রতি পাঁচ লক্ষ টাকা বা উহার অংশবিশেষের জন্য ফিস— | ৬০.০০ |
| (ঘ) বন্ধক ও চার্জের নিবন্ধন বহি পরিদর্শনের ফিস— | ১০০.০০ |
| (ঙ) রিসিভার নিয়োগ নিবন্ধনের ফিস— | ২০০.০০ |
| (১০) বন্ধক বা ডিবেঞ্চার বা চার্জ প্রথমবার নিবন্ধনের পর নিশ্চয়তা বিধানকৃত (Secured) অর্থ বর্ধিত হইলে বর্ধিত যে কোন পরিমাণ অর্থ নিবন্ধনের জন্য প্রতি পাঁচ লক্ষ টাকা বা উহার অংশ বিশেষের জন্য একই হারে ফিস প্রদেয় হইবে যেন বর্ধিত অর্থ মূল অর্থের অংশ ছিল। | |

৩। বাংলাদেশের বাহিরে গঠিত যে কোম্পানীর ব্যবসাস্থল বাংলাদেশে আছে সেই কোম্পানী কর্তৃক প্রদেয় ফিস ঃ—

| | ফিসের পরিমাণ টাকা |
|---|---|
| (১) রিসিভার কর্তৃক রেজিস্ট্রারের নিকট যে সংঘস্মারক, সংঘবিধি বা সারাংশ অথবা কোম্পানী অবলুপ্তির ক্ষেত্রে লিকুইডেটর কর্তৃক রেজিস্ট্রারের নিকট প্রয়োজনীয় যে বিবৃতি দাখিল করিতে হয় তাহা ব্যতীত, এই আইনের অধীন প্রয়োজনীয় বা অনুমোদিত যে কোন দলিল দাখিলের ফিস নিম্নরূপ ঃ | |
| (ক) সংঘ-স্মারক ও সংঘবিধি দাখিলে জন্য | ১০০০.০০ |
| (খ) অন্যান্য দলিলের জন্য | ২০০.০০ |
| (২) বন্ধক, ডিবেঞ্চার ও চার্জ নিবন্ধনের জন্য— | |
| (ক) বন্ধক বা ডিবেঞ্চার বা চার্জের দ্বারা নিশ্চিয়তা বিধানকৃত (Secured) অর্থের মোট পরিমাণ অনধিক পাঁচ লক্ষ টাকা হইবার ক্ষেত্রে ফিস | ২০০.০০ |
| (খ) প্রথম পাঁচ লক্ষ টাকার পর হইতে পঞ্চাশ লক্ষ টাকা পর্যন্ত, প্রতি পাঁচ লক্ষ টাকা বা উহার অংশবিশেষের জন্য ফিস— | ১২০.০০ |
| (গ) প্রথম পঞ্চাশ লক্ষ টাকার পর হইতে যে কোন পরিমাণ টাকা পর্যন্ত, প্রতি পাঁচ লক্ষ টাকা বা উহার অংশবিশেষের জন্য ফিস— | ৩০.০০ |
| (ঘ) বন্ধক, চার্জ ও নিবন্ধন বহি পরিদর্শনের ফিস— | ১০০.০০ |
| (ঙ) রিসিভার নিয়োগ নিবন্ধনের ফিস— | ২০০.০০ |
| (৩) বন্ধক বা ডিবেঞ্চার বা চার্জ প্রথমবার নিবন্ধনের পর নিশ্চয়তা বিধানকৃত (Secured) অর্থ বর্ধিত হইলে বর্ধিত যে কোন পরিমাণ অর্থ নিবন্ধনের ক্ষেত্রে ঃ প্রতি পাঁচ লক্ষ টাকা বা উহার অংশ বিশেষের জন্য একই হারে ফিস প্রদেয় হইবে, যেন বর্ধিত অর্থ মূল অর্থের অংশ ছিল। | |

৪। সাধারণ ঃ

| | |
|---|---|
| (১) নথিপত্র পরিদর্শন, সত্যায়িত অনুলিপি ইস্যুকরণ ইত্যাদির জন্য প্রদেয় ফিস ঃ | |
| (ক) নথিপত্র পরিদর্শনের ফিস— | ১০০.০০ |

| | ফিসের পরিমাণ টাকা |
|---|---|
| (খ) নিয়মিতকরণ প্রত্যায়ন পত্রের অনুলিপির জন্য ফিস— | ১০০.০০ |
| (গ) কোম্পানীর কার্যাবলী আরম্ভের সনদের অনুলিপির জন্য ফিস— | ১০০.০০ |
| (ঘ) সর্বনিম্ন ১০০.০০ টাকা ফিস প্রদান সাপেক্ষে দলিলের নকল গ্রহণের জন্য প্রতি একশত শব্দ বা উহার অংশ বিশেষের জন্য ৫.০০ টাকা করিয়া ফিস দিতে হইবে। | |
| (ঙ) প্রত্যেক দলিলের জন্য সর্বনিম্ন ১০০.০০ টাকা ফিস প্রদান সাপেক্ষে, যে কোন দলিলের নকল মূল দলিলের সহিত মিলাইয়া দেখিবার জন্য প্রতি একশত শব্দ বা উহার অংশ বিশেষের জন্য ৫.০০ টাকা করিয়া ফিস দিতে হইবে। | |
| (২) কোম্পানীর নাম কিংবা নিবন্ধিত কোম্পানীর নাম পরিবর্তনের প্রস্তাব নিবন্ধন করার জন্য কোন প্রস্তাব পাওয়া গিয়াছে কিনা সেই তথ্য রেজিস্ট্রারের নিকট হইতে জানিবার জন্য প্রতি দরখাস্তের জন্য ফিস— | ১০০.০০ |
| (৩) এই আইনের অধীন যাহা দাখিলকরণ বা নিবন্ধন প্রয়োজন হয় বা তদধীনে যাহা দাখিলকরণ বা নিবন্ধন অনুমোদিত এইরূপ কোন দলিল বা বিবরণী বা অন্য কোন বিষয় নির্ধারিত সময় অতিবাহিত হইবার পর রেজিস্ট্রারের নিকট দাখিল বা নিবন্ধনের জন্য ফিস | সর্বোচ্চ ১০০০.০০ টাকা সাপেক্ষে প্রত্যেক দিনের বিলম্বের জন্য ২.০০ টাকা করিয়া বিলম্ব ফিস দিতে হইবে।"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহবুবা মশকুর**
উপ-সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব) উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখ্তার হোসেন (উপ-সচিব) উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।